

সম্পাদকীয়



বিজ্ঞানের উচ্চস্তরে বাংলা ভাষা যেন কিছুটা ব্রাত্য হয়েই রয়েছে। ইংরেজী ভাষায় একটি বিজ্ঞান বিষয়ক রচনা যে অধ্যবসায়ের সাথে প্রস্তুত করা হয় বাংলায় বিজ্ঞান বিষয়ক রচনার অধিকাংশ ক্ষেত্রেই ততটা অধ্যবসায়ের ছাপ থাকে না। ইংরেজী ভাষা ছাড়া বিজ্ঞানের উচ্চস্তরে প্রবেশ করাই সম্ভব নয়। কিন্তু একটি গবেষণাকর্ম কেবল ভাষার কারণে স্বীকৃতি পাবে না তা হওয়া উচিত নয়, যেখানে বাংলার মত একটি আধুনিক ভাষা আমাদের প্রকাশ মাধ্যম। বিজ্ঞান নিয়ে যিনি গবেষণা করেন তাঁর কথা আলাদা। তবে একজন বাংলাভাষী সাধারণ মানুষের কি উচ্চস্তরের বিজ্ঞানে অধিকার নেই? সেই কারণে এই ক্ষুদ্র প্রচেষ্টা। **বাংলা বিজ্ঞান জার্নাল**। জার্মান বা ফরাসি ভাষার কথা না হয় ছেড়েই দিলাম কিন্তু চীনা, জাপানি, কোরীয় প্রভৃতি ভাষা-ভাষীরা যা করতে পেরেছে আমরা কি তা করতে পারি না? বিজ্ঞানের অর্থ্য সাজাতে আমাদের বাংলা ভাষার মত রত্নখনি রয়েছে, অভাব শুধু মানসিকতার।



দীপংকর মজুমদার